

যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী :

অধিবেশন নং- ০৬

স্থান : উপজেলা যুব উন্নয়ন অফিসারের কার্যালয়, তালা, সাতক্ষীরা।

তারিখ : ০৮/০৬/২০২২ খ্রিঃ সময় : সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্য বৃন্দ “পরিশিষ্ট” ক” তে সংযোজিত।

অদ্য ০৮/০৬/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ টায় উপজেলা ভাইস চেয়ারম্যান জনাব সরদার মশিয়ার রহমান এর সভাপতিত্বে উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির চলতি অর্থ বছরের ৬ষ্ঠ সভা অনুষ্ঠিত হয়।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয় সদস্য সচিব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব মোঃ রেজাউল করিমকে চলতি সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সদস্য সচিব নিমোক্ত আলোচ্য সূচী উত্থাপন করেন।

আলোচ্য বিষয় :-

১। যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক।

২। ঋণ বিতরণ/ খেলাপী ঋণ আদায় সংক্রান্ত।

৩। যুব প্রশিক্ষণের জন্য সরঞ্জামাদী ক্রয় ৪। বিবিধ।

ক্রঃনং	বিষয়/কারন	বিবরণ	ফলাফল/সুপারিশ
০১.	ঋণ বিতরণ/ খেলাপী ঋণ আদায়সংক্রান্ত। চলতি অর্থবছরে ৩,০০,০০০/ টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ২,১৩,৯৭,০০০/-টাকা।	যুবদের আত্মকর্মসংস্থানের জন্য চলতি অর্থ বছরে ৩,০০,০০০/--টাকা এবং ক্রমপুঞ্জিত ২,১৩,৯৭,০০০/-টাকা বিতরণ করা হয়েছে।	যুবদের আত্মকর্মসংস্থানের জন্য যথেষ্ট পরিমাণ যুব ঋণ বিতরণ করা হয়েছে কিন্তু যুবরা সঠিক সময়ে যুব ঋণ পরিশোধ করছে না। ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৬%।
০২.	যুব প্রশিক্ষণের জন্য সরঞ্জামাদী ক্রয় : বর্তমান ডিজিটাল যুগে যুবউন্নয়নের বিভিন্ন প্রশিক্ষণ প্রদানের জন্য মাল্টিমিডিয়া সহ অন্যান্য সামগ্রী ক্রয়।	যুব উন্নয়ন অধিদপ্তর বেকার যুবদের কর্মসংস্থানের জন্য বিভিন্ন প্রকার প্রশিক্ষণের ব্যবস্থা করে। প্রশিক্ষণকে আরও গতিশীল ও যুগপোযোগী করার জন্য নিমোক্ত ইলেকট্রনিক্সসামগ্রী প্রয়োজন। মাল্টিমিডিয়া প্রজেক্টর= ৭০,০০০/- ল্যাপটপ = ৫০,০০০/- অন্যান্য সামগ্রী = ১০,০০০/ মোট = ১,৩০,০০০/-টাকা এডিবি'র অর্থায়নে ক্রয়করা সম্ভব।	মাল্টিমিডিয়া প্রজেক্টর এর মাধ্যমে প্রশিক্ষণ করা গেলে প্রশিক্ষণটির বিভিন্ন ছবি/তথ্য বেশী বেশী করে প্রশিক্ষনার্থীদের দেখানো সম্ভব। ফলে প্রশিক্ষণটি বেশী ফলপ্রসূ হবে।
০৩.	বিবিধ : যুব উন্নয়ন অফিস সংলগ্ন বারান্দার গ্রীল সংস্কার করার প্রয়োজন।	যুব উন্নয়ন অফিস সংলগ্ন বারান্দার গ্রীল ও ইটদ্বারা সংস্কার করা হলে অফিসের নিরাপত্তা বৃদ্ধি পাবে। সম্ভাব্য খরচ ১,৫০,০০০/টাকা।	যুব উন্নয়ন অফিসসহ আরও তিনটি অফিসের নিরাপত্তার জন্য গ্রীল ও ইট দ্বারা সংস্কারের সিদ্ধান্ত গৃহীত হয়।

উপরোক্ত কারন বিবরণ ও সুপারিশের সমন্বয়ে যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটিতে বিস্তারিত আলোচনা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে অধ্যকার সভার সমাপ্তি ঘোষণা করেন।

সভাপতি

স্বাক্ষরিত

(সরদার মশিয়ার রহমান)

উপজেলা ভাইস চেয়ারম্যান

তালা, সাতক্ষীরা

তারিখ : ০৮/০৬/২২ খ্রিঃ

স্মারক নং- ৩৪.০১.৮৭৯০.০০০.৪৪.০৯০.১১-১২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তালা, সাতক্ষীরা।

০২। উপজেলা নির্বাহী অফিসার, তালা, সাতক্ষীরা।

০৩। চেয়ারম্যান..... ইউনিয়ন, তালা, সাতক্ষীরা।

০৪. অফিস কপি।

সদস্য সচিব

(মোঃ রেজাউল করিম)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

তালা, সাতক্ষীরা।

পরিশিষ্ট-“ক”

ক্রম ং	নাম	পদবী	কমিটিতে অবস্থান	তারিখ	স্বাক্ষর
১.	জনাব সরদার মশিয়ার রহমান	ভাইস চেয়ারম্যান, তালা, সাতক্ষীরা।	সভাপতি	১০/০৪/২০২২	স্বাক্ষরিত
২.	জনাব সরদার জাকির হোসেন	চেয়ারম্যান তালা, সদর ইউপি	সদস্য	১০/০৪/২০২২	স্বাক্ষরিত
৩.	জনাব এনামুল ইসলাম,	তালা, সাতক্ষীরা	সদস্য	১০/০৪/২০২২	স্বাক্ষরিত
৪.	জনাব শিমুল বিশ্বাস	পাটকেশঘাটা	সদস্য	১০/০৪/২০২২	স্বাক্ষরিত
৫.	জনাব হারুনার রশীদ পুকার	তালা, সাতক্ষীরা	সদস্য	১০/০৪/২০২২	স্বাক্ষরিত
৬.	জনাব এইচ এম শামীম	তালা, সাতক্ষীরা	সদস্য	১০/০৪/২০২২	স্বাক্ষরিত
৭.	জনাব মোঃ রেজাউল করিম,	উপজেলা যুব উন্নয়ন অফিসার	সদস্য সচিব	১০/০৪/২০২২	স্বাক্ষরিত

